

পাসপোর্টের আবেদন জমা নেওয়ার ক্ষেত্রে চেকলিস্ট (শুধুমাত্র প্রযোজ্য ক্রমিকে টিক (✓) চিহ্ন দিন)।

১. আবেদনকারী কর্তৃক অনলাইনে আবেদনকৃত (পিডিএফ) ফরম প্রিন্টেড কপি।
২. পাসপোর্টের ফি জমা প্রদানের চালান রশিদ (অফলাইন পেমেণ্টের ক্ষেত্রে)।
৩. অনলাইন জন্ম নিবন্ধন সনদ (ইংরেজী ভার্সন) মূলকপি এবং ফটোকপি।
৪. জাতীয় পরিচয় পত্রের মূল ও ফটোকপি (২০ বছরের উর্ধ্বের নাগরিকদের জন্য)।
৫. বর্তমান ঠিকানা প্রমাণের স্বপক্ষে Job ID/Student ID/গ্যাস বিলের কপি/ বিদ্যুৎ বিলের কপি/ টেলিফোন বিলের কপি/পানির বিলের কপি যেটি প্রযোজ্য সেটার মূলকপি প্রদর্শন করা।
৬. দত্তক/অভিভাবকত্ব গ্রহণের ক্ষেত্রে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে জারীকৃত আদেশের কপি।
৭. টেকনিক্যাল পেশা প্রমাণের স্বপক্ষে (ডাক্তার, ইঞ্জিনিয়ার, ডাইভার ইত্যাদি) টেকনিক্যাল সনদের কপি।
৮. রি-ইস্যু আবেদনের ক্ষেত্রে মূল পাসপোর্ট (Original Passport) এবং পাসপোর্টের ফটোকপি
৯. ধূসর ব্যাকগ্রাউন্ডের 3R সাইজের ফটো (০৬ বছরের নিচে শিশুদের ক্ষেত্রে)।
১০. অপ্রাপ্ত বয়স্ক আবেদনকারীর ক্ষেত্রে পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের কপি।
১১. মেডিকেল সনদ (চোখের আইরিশ, ফিঙ্গারপ্রিন্ট মিসিং হবার ক্ষেত্রে)।
১২. সরকারী আদেশ (GO)/অনাপত্তি সনদ (NOC)/প্রত্যয়নপত্র এর কপি যা ইস্যুকারী কর্তৃপক্ষের নিজ নিজ Website এ আপলোড থাকতে হবে।(প্রযোজ্য ক্ষেত্রে)
১৩. PRL এর আদেশ/পেনশন বই এর কপি।(প্রযোজ্য ক্ষেত্রে)
১৪. বৈবাহিক অবস্থার পরিবর্তন হলে পাসপোর্ট রি-ইস্যুর ক্ষেত্রে বিবাহ সনদ/কাবিন নামার কপি।
১৫. বিবাহ বিচ্ছেদ হলে পাসপোর্ট রি-ইস্যুর ক্ষেত্রে বিচ্ছেদের সনদ/তালাক নামার কপি।
১৬. হারানো পাসপোর্টের ক্ষেত্রে সাধারণ ডায়েরী (GD) এর মূল কপি।
১৭. পূর্বের পাসপোর্ট এবং NID/BRC-তে তথ্য গড়মিল থাকলে নির্ধারিত ফরম্যাটে পূরণকৃত অঙ্গীকারনামা।
১৮. Multiple Active পাসপোর্টের ক্ষেত্রে নির্ধারিত ফরম্যাটে পূরণকৃত অঙ্গীকারনামা।
১৯. তথ্য সংশোধনের জন্য অপ্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে শিক্ষাগত সনদ (JSC/SSC/HSC/সমমান)।
২০. সরকারী চাকুরীজীবীদের তথ্য সংশোধনের ক্ষেত্রে NID, শিক্ষাগত সনদ ও সার্ভিস রেকর্ড অনুযায়ী অফিসের প্রত্যয়নপত্র এবং সার্ভিস রেকর্ডের ফটোকপি।
২১. দ্বৈত নাগরিকত্বের ক্ষেত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের Dual Citizenship সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)।
২২. অপ্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে পিতা-মাতার অনুমতিপত্র এবং পিতা-মাতার উভয় বা যেকোন একজন উপস্থিত থাকা।

[বিঃদ্রঃ বায়ো-এনরোলমেন্ট এর সময় ছবি উঠানোর জন্য সাদা পোশাকের পরিবর্তে রঞ্জিন পোশাক পরিধান করতে হবে।]

৫৩